# ফলিত পুষ্টি বার্তা

**অক্টোবর ২০২১**

**পঞ্চম সংখ্যা**




## বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

**বিশনন্দী, আড়াইহাজার নারায়ণগঞ্জ**

## এক নজরে বারটান

খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ জনশক্তি সৃজন, পুষ্টিহীনতা দূরীকরণ, বেকার সমস্যা সমাধান ও স্বকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচনে শক্তিশালী ভূমিকা রাখার লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।

জাতীয় অধ্যাপক মরহুম ডাঃ মোঃ ইব্রাহিম জনগণের পুষ্টির অবস্থা উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধনের লক্ষ্যে ১৯৬৮ সনে ঢাকার অদূরে ডেমরা থানার জুরাইনে ‘‘ফলিত পুষ্টি প্রকল্প” নামে একটি প্রকল্প শুরু করেন। ফলিত পুষ্টি প্রকল্পের আশানুরূপ ফলাফলের ভিত্তিতে ১৯৭৯ সনে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির ১৫৪তম কাউন্সিল মিটিং-এ ‘‘ফলিত পুষ্টি’ প্রকল্পটির নাম পরিবর্তন করে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান-BIRTAN) করা হয়। কৃষি মন্ত্রণালয় ১৯৮০ সালে এ প্রকল্পের দায়িত্ব গ্রহণ করে। ১৯৯৩ সালে Bangladesh Agriculture Research Council (BARC) এ প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত হয়। ফলিত পুষ্টি বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণের আঞ্চলিক এবং বৈশ্বিক পীঠস্থান (Center of Excellence) হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মহান জাতীয় সংসদে 'বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) আইন-২০১২' পাশ হয়। ১৯ জুন, ২০১২  তারিখে ২০১২ সালের ১৮ নং আইন হিসেবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। বারটান-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১১ জুলাই ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় মেঘনা নদীর তীরে ১০০ একর জায়গায় নির্মিত হচ্ছে বারটান-এর প্রধান কার্যালয়। এখানে আন্তর্জাতিক মানের ফলিত পুষ্টি গবেষণাগারসহ, প্রশিক্ষণ ভবন, ডরমিটরি, অফিস ভবন, গবেষণার জন্য ফার্ম শেড, পুকুর, স্কুল ও কলেজ ভবন নির্মাণ করা হচ্ছে। এছাড়া বরিশাল, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোনা, নোয়াখালী (সুবর্ণচর) এবং রংপুরে (পীরগঞ্জ) গবেষণা ও প্রশিক্ষণের সুবিধা সংবলিত ০৭টি আঞ্চলিক কার্যালয় নির্মাণ করা হয়েছে।

## ভিশন

জনগণের পুষ্টিস্তর উন্নয়ন।

## মিশন

খাদ্য ও পুষ্টি সম্পর্কিত গবেষণা, প্রশিক্ষণ ও ওয়ার্কশপ বাস্তবায়ন এবং গণমাধ্যমে সম্প্রচারের মাধ্যমে দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নে অবদান রাখা।

বারটানে রিসার্চ মেথডলজি বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত




বারটান প্রধান কার্যালয়ে ০৪দিনব্যাপী Research Methodology বিষয়ক ইন হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ২৪ থেকে ২৭ অক্টোবর এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

প্রশিক্ষণে মূল প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ড. মইন উস সালাম। প্রশিক্ষণের প্রথম সেশনে প্রধান অতিথি হিসেবে বক্তব্যে বারটানের নির্বাহী পরিচালক মোঃ আব্দুল ওয়াদুদ (অতিরিক্ত সচিব) বলেন, গবেষণার লক্ষ্য হচ্ছে সংশ্লিষ্ট ক্ষেত্রে নতুন কোনো কিছু যোগ করা। এই লক্ষ্য অর্জনে গবেষকদের গবেষণা কার্যপদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা প্রয়োজন। আশা করি এই প্রশিক্ষক বারটানের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সেই ধারণা অর্জনে সহায়ক হবে।

## বারটান কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নের লক্ষ্যে সারা দেশব্যাপী বিভিন্ন খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করে থাকে। ০৩ (তিন) দিনব্যাপী পুষ্টি বিষয়ক সচেতনমূলক প্রশিক্ষণ বিভিন্ন জেলা/উপজেলায় অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, শিক্ষা বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় -এর দপ্তরসমূহ ইত্যাদি) সাথে সম্মিলিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ ও বাস্তবায়ন করা হয়ে থাকে। উক্ত প্রশিক্ষণে রাজনৈতিক নেতৃবৃন্দসহ জনপ্রতিনিধি, উপসহকারী কৃষি কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা, পুরোহিত, ইমাম, স্থানীয় সমাজকর্মী, বিভিন্ন এনজিও প্রতিনিধি ও কিষাণ-কিষাণী অংশগ্রহণ করেন। এছাড়াও বারটান-এর চলমান বিভিন্ন খাদ্যভিত্তিক পুষ্টি কার্যক্রমের মধ্যে রাজস্ব খাতের আওতায় পিছিয়ে পরা জনগোষ্ঠী বিশেষ করে বস্তিবাসী, প্রবাসী শ্রমিক, তৈরি পোশাক শ্রমিকের মধ্যে ১ (এক) দিন ব্যাপী প্রশিক্ষণ পরিচালনা করা হয়ে থাকে। দিন ব্যাপী এই প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের বিভিন্ন খাদ্যের পুষ্টিগুণ, সুষম খাদ্যাভাস, দেশীয় পুষ্টিকর খাবার (যেমন- ফল, শাক-সবজি), খাবারের পুষ্টিমান সংরক্ষণ করে রান্না তথা পুষ্টির অপচয় রোধ, পরিষ্কার-পরিচ্ছন্নতা (WASH-Water, Sanitation & Hygiene) এবং প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার বিয়য়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এই প্রশিক্ষণলব্ধ জ্ঞান তাদের প্রাত্যহিক জীবনে সুস্থ, সবল ও কর্মক্ষম রাখতে সহায়তা করবে। সেপ্টেম্বর মাসে সম্পাদিত প্রশিক্ষণ কর্মসূচি নিচের টেবিলের মাধ্যমে তুলে ধরা হলো।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর সাতটি আঞ্চলিক কার্যালয় কর্তৃক খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ে দেশের ০৩ টি উপজেলায় মোট ১৮০ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ইমাম, পুরোহিত, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠকর্মী, এনজিও প্রতিনিধি ও কিষাণ-কিষাণীদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

| প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণ বাস্তবায়নের স্থান | প্রশিক্ষণের তারিখ | উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ফলিত পুষ্টি বিষয়ক | ৩ দিন | ঝিনাইদহ (সদর) | ১১-১৩ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ | ৬০ জন |
| | | নোয়াখালী (চাটখালী) | ১২-১৪ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী | ৬০ জন |
| | | ঝিনাইদহ (সদর) | ১৬-১৮ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ | ৬০ জন |

**০১ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির বিবরণ:** দেশের ৫টি উপজেলায় মোট ৫৬০ **জন গার্মেন্টস/বিদেশগামী কর্মী/বস্তিবাসী ও অন্যান্য পেশার কর্মজীবি শ্রমিক-কে** খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়

| প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণ বাস্তবায়নের স্থান | প্রশিক্ষণের তারিখ | উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে | ১ দিন | প্রধান কার্যালয় | ০৫ অক্টোবর ২০২১ | প্রধান কার্যালয়, নারয়াণগঞ্জ | ২০ জন |
| | | প্রধান কার্যালয় | ০৭ অক্টোবর ২০২১ | প্রধান কার্যালয়, নারয়াণগঞ্জ | ৩০ জন |
| | | বরিশালর (সদর) | ০৭ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, বরিশাল | ৩০ জন |
| | | সুনামগঞ্জ (সদর) | ০৭ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ | ৩০ জন |
| | | সুনামগঞ্জ (সদর) | ১১ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ | ৩০ জন |
| | | সুনামগঞ্জ (সদর) | ১৪ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ | ৩০ জন |
| | | বরিশালর (সদর) | ১৫ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, বরিশাল | ৩০ জন |
| | | নোয়াখালী (সুবর্ণচর) | ১৭ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী | ৩০ জন |
| | | নোয়াখালী (সুবর্ণচর) | ১৮ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী | ৩০ জন |
| | | নেত্রকোনা (সদর) | ১৮ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা | ৩০ জন |
| | | নোয়াখালী (সুবর্ণচর) | ১৯ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী | ৩০ জন |
| | | সিরাজগঞ্জ (সদর) | ১৯ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ | ৩০ জন |
| | | সিরাজগঞ্জ (সদর) | ২১ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ | ৩০ জন |
| | | নেত্রকোনা (সদর) | ২১ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা | ৩০ জন |
| | | রংপুর (সদর) | ২৪ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, রংপুর | ৩০ জন |
| | | বরিশালর (সদর) | ২৫ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, বরিশাল | ৩০ জন |
| | | সিলেট (সদর) | ২৫ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ | ৩০ জন |
| | | সিলেট (সদর) | ২৬ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ | ৩০ জন |
| | | রংপুর (সদর) | ২৭ অক্টোবর ২০২১ | আঞ্চলিক কার্যালয়, রংপুর | ৩০ জন |

বারটানে গবেষণা পর্যালোচনা কর্মশালা সম্পন্ন

বারটান প্রধান কার্যালয়ে ০৪ দিনব্যাপী গবেষণা কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২৮ সেপ্টেম্বর বারটানের নির্বাহী পরিচালক মোঃ আবদুল ওয়াদুদ (অতিরিক্ত সচিব) সভাপতিত্বে বারটান প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ ভবনে ০৪ দিনব্যাপী এই কর্মশালা পরিচালিত হয়। কর্মশালায় উদ্বোধনী দিনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম।

কর্মশালায় সংশ্লিষ্ট বিষয়ে প্রথিতযশা ব্যক্তিবৃন্দ বারটানের গবেষকদের গবেষণা প্রস্তাব পর্যালোচনা করেন।






শেখ রাসেল দিবস উদযাপন

বারটান প্রধান কার্যালয়ে পালিত হয়েছে শেখ রাসেল দিবস। দিবস উপলক্ষে প্রধান কার্যালয়ে দোয়া মাহফিল ও আলোচনা সভা আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মোঃ আব্দুল ওয়াদুদ, নির্বাহী পরিচালক, বারটান।

